দৈনিক বাংলা

তারিখ ... 30/9/78 ...
পৃষ্ঠা ... 3 কলাম 6 ...

CC 044

## মোহাম্মদপুর থানায় ৫ম শ্রেণীর ছাত্রছাত্রীদের সেন্টার পরীক্ষা

সরকারী নির্দেশ অনুযায়ী পরীক্ষা মূলকভাবে মোহাম্মদপুর থানার প্রাথমিক বিদ্যালয়গুলোর পঞ্চম শ্রেণীর বার্ষিক পরীক্ষা সেন্টার পরীক্ষার মাধ্যমে অনুষ্ঠিত হতে যাচ্ছে। থানার মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ তাদের স্কুলের পঞ্চম শ্রেণীর ছাত্রছাত্রীদের-এ বার্ষিক পরীক্ষার ব্যাপারে ইচ্ছুক হলে সেন্টার পরীক্ষা কমিটির চেয়ারম্যান, থানা শিক্ষা অফিসার, মোহাম্মদপুর অথবা কন্ট্রোলার, প্রধান শিক্ষক জিগাতলা প্রাইমারী স্কুল অথবা সেক্রেটারী, প্রধান শিক্ষক মোহাম্মদপুর প্রাথমিক বিদ্যালয়ের সাথে ৩০শে সেপ্টেম্বরের মধ্যে যোগাযোগ করতে পারেন। এ খবর বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির মোহাম্মদপুর শাখার এক প্রেস বিজ্ঞপ্তির।